


- ৩। কবে প্রেমময় করুণা করিবে, ত্রিতাপে তাপিত
 জীবন জুড়াবে,
 রসিক দীন হীন আর বা কবে করিবে প্রেমের আরতি ॥
 —রসিক বালা



৫৭ নং

তাল—একতালা

- আমি কি দিব তোমারে প্রেমময় ।
 হরি আমার বলিতে, যা আছে জগতে,
 তোমারই তো প্রভু সমুদয় ॥
- ১। এ-বিশ্ব পরিবার, সকলই তোমার,
 জানি অন্য আর কারো নয় ।
 তোমার সৃজন, তোমারই পালন,
 তোমার ইচ্ছায় হবে লয় ॥
- ২। চাই বা না চাই, অভাব কিছুই নাই,
 ভালবেসে সব দেও আমায় ।
 আমি কোথা বা কি পাব, তোমাকে কি দিব,
 তোমার ধন কি তোমায় দেওয়া যায় ?
- ৩। আমার দোষের নাইক সীমা, তবু পাই ক্ষমা,
 তোমার মহিমার হউক জয় ।
 হরি আমি যে তোমার, তুমি যে আমার অভাগা,
 রসিকের তাই যেন মনে রয় ॥
 —রসিক বালা